# Times Today BD

সিনিয়র রিপোর্টার | আন্তর্জাতিক | 26 April, 2025

জম্মু ও কাশ্মীরে বন্দুকধারীদের হামলার ‘কঠোর ভাষায় নিন্দা’ জানিয়েছে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ।জোর দিয়ে বলেছে, এই ঘটনায় দায়ীদের জবাবদিহি করতে হবে এবং এই হত্যাকাণ্ডের পেছনে যারা সমর্থন দিয়েছে তাদেরকেও বিচারের আওতায় আনতে হবে।

১৫ জাতির নিরাপত্তা কাউন্সিল ‘জম্মু ও কাশ্মীরে বন্দুকধারীর হামলায়’ একটি প্রেস বিবৃতি জারি করেছে।যেখানে ১৫ দেশের সদস্যরা হামলার তীব্র নিন্দা জানিয়েছে।

মঙ্গলবার (২২ এপ্রিল) জম্মু ও কাশ্মীরের পহেলগামে বন্দুকধারীরা পর্যটকদের ওপর গুলি চালায়।যেখানে কমপক্ষে ২৬ জন নিহত এবং আরও অনেকে আহত হন।

প্রেস বিবৃতিতে বলা হয়েছে, ‘নিরাপত্তা পরিষদের সদস্যরা এই নিন্দনীয় কাজের অপরাধী, সংগঠক, অর্থায়নকারী এবং পৃষ্ঠপোষকদের জবাবদিহি করার এবং তাদের বিচারের আওতায় আনার প্রয়োজনীয়তার উপর জোর দিচ্ছে।

এ বিষয়ে আন্তর্জাতিক আইন এবং প্রাসঙ্গিক নিরাপত্তা পরিষদের প্রস্তাবের অধীনে আইন মেনে সব রাষ্ট্রকে কর্তৃপক্ষের সাথে সক্রিয়ভাবে সহযোগিতা করার আহ্বান জানানো হয়েছে।

একটি প্রেস বিবৃতি হল ১৫টি সদস্যের পক্ষ থেকে নিরাপত্তা পরিষদের সভাপতির গণমাধ্যমের কাছে দেয়া একটি ঘোষণা।

এদিকে, ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভির প্রতিবেদন অনুসারে, পাকিস্তান বর্তমানে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্য হিসেবে রয়েছে।একটি প্রেস বিবৃতির জন্য সকল পরিষদ সদস্যের সম্মতি প্রয়োজন হয়।

এদিকে, নিরাপত্তা পরিষদের সদস্যরা জম্মু ও কাশ্মীর হামলায় নিহতদের পরিবারের প্রতি, ভারত সরকার ও নেপাল সরকারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেছে এবং আহতদের দ্রুত ও পূর্ণ আরোগ্য কামনা করেছে।

২২শে এপ্রিল পহেলগামে বন্দুকধারীর হামলায় ২৫ জন ভারতীয় এবং একজন নেপালি নাগরিক নিহত হন।নিহতদের বেশিরভাগই ছিলেন ভারতের বিভিন্ন প্রান্ত থেকে আসা পর্যটক।

জম্মু ও কাশ্মীর জাতিসংঘ ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:15

URL: https://www.timestodaybd.com/international/8431971459